

ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ ১৫ জন আহত

## ঢাকা মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ॥ রবি-বার রাতে ঢাকা মেডিকেল কলেজের বকসী বাজার ডাঃ ফজলে রাব্বী ছাত্রাবাসে ছাত্রদল ও ছাত্রলীগের (শা-পা) কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষে ৫ জন

ছাত্র আহত ও ৫টি কক্ষ ভাঙচুর হয়। ইহার প্রেক্ষিতে গতকাল সকালে মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ জহরুল মাওলা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত (শেষ পৃঃ ৭-এর কঃ প্রঃ)

(১ম পৃঃ পর)

একাডেমিক কাউন্সিলের জরুরী সভায় মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহার পর কর্তৃপক্ষ বেলা ২টা হইতে বিকাল ৪টার মধ্যে ছাত্রদের হোস্টেল ভ্যাগের নির্দেশ দেন। যে সকল ছাত্র প্রফেশনাল পরীক্ষা দিতেছে, তাহারা পরীক্ষার কার্ড নিয়ে হোস্টেলে অবস্থান করিতে পারিবে বলিয়া কর্তৃপক্ষের আদেশে উল্লেখ করা হয়। জানা যায় ছাত্রাবাসের ২৫ নং কক্ষের সিট দখল নিয়ে দুই দলের মধ্যে সংঘর্ষের শুরুরাত। কক্ষটি তালাবদ্ধ থাকি অবস্থায় একদল ছাত্র ঐ রাতে তালা ভাঙিয়া ভিতরে প্রবেশ এবং কক্ষটি ভাঙচুর করে। এই নিয়ে দুইদলের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয় এবং অসংখ্য বোমার বিস্ফোরণ ঘটে। দুই দলের নেতৃস্থানীয় ছাত্ররা বিষয়টি স্মরণ করার জন্য রাতে ১১টায় আলোচনায় বসেন। কিন্তু রাতে সাড়ে ১১টায় আলোচনার টেবিলে উভয়পক্ষের মধ্যে পুনরায় শুরু হয় হাতাহাতি এবং এক পর্যায়ে পুনরায় সংঘর্ষ। সংঘর্ষকালে গুলীবির্ষণের ঘটনাও ঘটে। রাত সাড়ে ১২টায় পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হইলেও রাত্রি-আড়াইটা পর্যন্ত সংঘর্ষ চলে। পরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। সংঘর্ষে ছাত্রদের ১ জন কর্মী ও ছাত্রলীগের ৪ জন কর্মী আহত হয়। আহতদের মধ্যে ছাত্রলীগের ৪ জন ছুরা গুলীবিদ্ধ এবং ছাত্রদের কর্মী বোমায় আহত বলিয়া জানা গিয়াছে। তাহাদের হাসপাতালে ভর্তি করা হইয়াছে। ভতিকৃতরা হইতেছে ছাত্রদল কর্মী খুরশিদুল আলম (২০) এবং

মেডিক্যাল কলেজ

ছাত্র সংসদের সমাজ কল্যাণ সম্পাদক ও ছাত্রলীগ নেতা ফিরোজ ও ছাত্রলীগ কর্মী তুলিন (২৩), জিয়াউর রহমান জিয়া (২৩) ও নাসির (২৪), মেডিকেল কলেজ ও ছাত্রাবাস এলাকায় খনখনে ভাব বিরাজ করিতেছে। ছাত্রাবাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে। এই ব্যাপারে লালবাগ থানার সঙ্গে যোগাযোগ করা হইলে ওসি আকতারুজ্জামান জানান, বকসী বাজার মেডিকেল ছাত্রাবাস এলাকায় পরিস্থিতি এখন শান্ত। তবে এই ব্যাপারে কোন পক্ষ থানার মামলা দায়ের করে নাই বলিয়া ওসি জানান।

ছাত্রলীগ (শা-পা) ঢাকা মেডিকেল কলেজ শাখার সভাপতি বশির আহমদ বাদল ও সাধারণ সম্পাদক মশিকুর রহমান বিটু গতকাল এক বিবৃতিতে ডাঃ ফজলে রাব্বী ছাত্রাবাসে হামলার জন্য ছাত্রদলকে দায়ী করিয়াছে। ২৫ নং কক্ষটি ভাঙচুর করিয়া ২৫ হাজার টাকা মূল্যের জিনিসপত্রের ক্ষতি সাধন করা হইয়াছে। নেতৃবৃন্দ ছাত্রলীগ কর্মীদের উপর হামলার সঙ্গে জড়িত ব্যক্তিদের শাস্তির দাবী জানান।

ছাত্রদল ঢাকা মহানগরী শাখার সভাপতি নাসির উদ্দিন আহমদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাইকুল আলিম নীরব গতকাল এক বিবৃতিতে বকসী বাজার ডাঃ ফজলে রাব্বী ছাত্রাবাসে হামলার জন্য ছাত্রলীগ কর্মীদের দায়ী করেন। এই হামলায় ছাত্রদের ৫ জন কর্মী গুলীবিদ্ধ হয় বলিয়া নেতৃবৃন্দ দাবী করেন। তাহারা ছাত্রদল কর্মীদের উপর হামলার সঙ্গে জড়িত ব্যক্তিদের শাস্তির দাবী জানান।